

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা  
জনসংযোগ অধিশাখা  
[www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)


## সংবাদ বিজ্ঞপ্তি (সংশোধিত)

তারিখ: ১৯ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

আগামী ০১ ফেব্রুয়ারি, ২০২০ তারিখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হবে। মিডিয়া সমূহ ঢাকা কেন্দ্রিক হওয়ায় অন্যান্য নির্বাচনের চেয়ে এ নির্বাচনে অধিক সংখ্যক সাংবাদিক সংবাদ সংগ্রহে নিয়োজিত থাকবেন বলে ধারণা করা হচ্ছে।

০২। নির্বাচনি সংবাদ সংগ্রহে ইচ্ছুক সাংবাদিকদের পরিচয়পত্র ও গাড়ির স্টিকার বিতরণ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন অনুষ্ঠানের ০৫ দিন পূর্বে অর্থাৎ ২৭ জানুয়ারি, ২০২০ তারিখের মধ্যে প্রয়োজনীয় ডকুমেন্টসহ সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয় বরাবরে আবেদন দাখিল করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে সংবাদ মাধ্যমের নিউজ এডিটর/চীফ রিপোর্টারের আবেদন এবং সংশ্লিষ্ট সাংবাদিক ও সাপোর্ট স্টাফদের (মিডিয়া) পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সদ্যতোলা ০১ কপি পাসপোর্ট ও ০১ কপি স্ট্যাম্প সাইজ রঙিন ছবি এবং প্রযোজ্য ক্ষেত্রে পিআইডি এ্যাক্রিডিটেশন কার্ডের ফটোকপিসহ আবেদন করতে হবে। প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ শাখা হতে যৌক্তিক সংখ্যক সাংবাদিক পরিচয়পত্র ও গাড়ির স্টিকার ইস্যু করা হবে।

০৩। এ বিষয়ে নির্বাচন কমিশন সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করছে।

  
১৯/০১/২০২০

(মোহাঃ ইসরাইল হোসেন)  
পরিচালক (জনসংযোগ)  
ফোন: ৫৫০০৭৫২০